

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

THAKURGAON PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও

E-mail : thkpbs@gmail.com

Website: pbs.thakurgaon.gov.bd

Facebook page: facebook.com/thkpbs

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.২৩. ২২৬৬

তারিখঃ ২০ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ।

০৩ এপ্রিল, ২০২৩ খ্রিঃ

“রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”।

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন পঞ্চগড়/ দেবীগঞ্জ/ রানীশংকৈল/ বালিয়াডাঙ্গী/ বুহিয়া জোনাল অফিস এর জন্য অফিস ভিত্তিক ০১ (এক) করে মোট ০৫ (পাঁচ) জন রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিক এর নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। পবিসের আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা যেতে পারে।
- ০৫। আলোচ্য পদে নিয়োগপ্রাপ্ত হলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে ৮,০০০/- (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে। মাসিক রিটেইনার ফি হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর কর্তন করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্ততঃপক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন পত্র আহ্বান করা হবে এবং সে সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯। নিয়োগ প্রাপ্ত রিটেইনার ডাক্তারকে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ব্যক্তিগত চেম্বারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী সপ্তাহের যে কোন দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এ জন্য পৃথক কোন ভিজিট বা ফি দেওয়া হবে না।
- ১১। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হতে পারে (এ ক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ



১২। আবেদন পত্রের প্রয়োজনীয় শর্তাবলী:


আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর ফটোকপি, সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্র সহ সকল সনদ পত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উপরোক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত আগামী ১৬-০৪-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে।


(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো।

- ০১। পরিচালক, (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস ১/২/৩/৪।
- ০৪। সিভিল সার্জন, ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, (ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীশংকৈল/বালিয়াডাঙ্গী/হরিপুর/পঞ্চগড় সদর/দেবীগঞ্জ/বোদা/তেতুলিয়া/আটোয়ারী) ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীশংকৈল/বালিয়াডাঙ্গী/হরিপুর/পঞ্চগড় সদর/দেবীগঞ্জ/বোদা/তেতুলিয়া/আটোয়ারী) ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৭। ডিজিএম, পঞ্চগড়/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/দেবীগঞ্জ/রুহিয়া/রানীশংকৈল জোনাল অফিস, ঠাপবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম) বোদা/আটোয়ারী/হরিপুর সাব-জোনাল অফিস, ঠাপবিস।
- ০৯। এজিএম (অর্থ-হিসাব), ঠাপবিস।
- ১০। এজিএম (আইটি) (PBS HRMS সফটওয়্যারে অন্তর্ভুক্ত করনের ব্যবস্থা নিন)।
- ১১। নোটিশ বোর্ড/অফিস কপি/মাস্টার কপি।


(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

